...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | শেখ রাসেল হাসান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ৩০ জুলাই ২০২৩ |
| সভার সময় | বেলা ৩.৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য |

সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অত:পর ৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ জাতির পিতার পরিবারের যেসকল সদস্য শাহাদত বরণ করেছেন তাঁদের সকলের আত্মার মাগফেরাত কামনা করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণী অনুসারে আলোচ্যসূচি নির্ধারণ করে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহ | স্ব স্ব দপ্তর/ ভবন কর্তৃপক্ষ |
| ২ | ১৫ আগস্ট ২০২৩ সকাল ৯.০০ ঘটিকা | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরাল | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৩ | ১৫ আগস্ট ২০২৩ সকাল ১০.৩০ ঘটিকা | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের উপর আলোচনা সভা | কবি নজরুল অডিটোরিয়াম, সিলেট | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৪ | ১৫ আগস্ট ২০২৩ বেলা ১২.০০ ঘটিকা | ‘আমার চোখে বঙ্গবন্ধু’ বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র প্রতিযোগিতার পুরস্কার বিতরণ | কবি নজরুল অডিটোরিয়াম, সিলেট | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৫ | ১৫ আগস্ট ২০২৩ বাদ যোহর | স্বাস্থ্যবিধি মেনে সকল মসজিদে বিশেষ মোনাজাত | সকল মসজিদ | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| | ১৫ আগস্ট ২০২৩ সুবিধাজনক সময়ে | সুবিধাজনক সময়ে সকল মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান | ১. সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সিলেট<br>২. সভাপতি/সাধারণ সম্পাদক, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ১৫ আগস্ট ২০২৩ সুবিধাজনক সময়ে | দোয়া মাহফিল আয়োজন | সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠান | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণ |
| ৭ | ১৫ আগস্ট ২০২৩ | বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ এবং অন্যান্য ভাষণ প্রচার | নগরীর গুরুত্বপূর্ণ স্থানসমূহে | (১) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>(২) উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ৮ | আগস্ট মাসব্যাপী | (ক) জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানমালা প্রচার<br>(খ) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ প্রচার | সুবিধাজনক স্থানে | ১. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট<br>২. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট<br>৩. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট |
| ৯ | ১৫ আগস্ট ২০২৩ | স্থানীয় দৈনিক সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র/নিবন্ধ প্রকাশ | ---- | (১) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব, সিলেট<br>(২) সম্পাদক/প্রকাশক, স্থানীয় দৈনিক পত্রিকা |
| ১০ | ১৫ আগস্ট ২০২৩ | সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন | সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থান | ১. জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট<br>৩. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ১১ | ১৫ আগস্ট ২০২৩ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস-এর সাথে সঙ্গতি রেখে আলোচনা সভা, কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়ার আয়োজন | স্ব স্ব প্রতিষ্ঠান | (১) জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>(২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ১২ | ১৫ আগস্ট ২০২৩ | শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি ও ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা আয়োজন | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সিলেট | জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ১৩ | ১৫ আগস্ট ২০২৩ | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোকচিত্র প্রদর্শনী | কবি নজরুল অডিটোরিয়াম সংলগ্ন মুক্ত মঞ্চ | উপ-প্রধান, তথ্য অধিদপ্তর, সিলেট |
| ১৪ | ১৫ আগস্ট ২০২৩ | ছড়া ও কবিতা আবৃত্তি এবং অসমাপ্ত আত্মজীবনী বইয়ের নির্ধারিত অংশ পাঠ প্রতিযোগিতা | বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ১৫ | ১৫ আগস্ট ২০২৩ | চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট |
| ১৬ | ১৫ আগস্ট সুবিধাজনক সময়ে | হামদ-নাত, কোরআন তেলাওয়াত | সকল মাদ্রাসা | ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | আগস্ট মাসব্যাপী | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বহুল প্রচার | স্ব স্ব ক্ষেত্রে | ১. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>২. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট<br>৩. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট |

২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে ১ আগস্ট হতে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) লাগাতে হবে।

৩। জাতীয় শোক দিবস-২০২৩ যথাযথভাবে পালনের নিমিত্ত গৃহীত কর্মসূচি চলাকালীন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ও পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ করা হয়।

৪। সিলেট মেট্রোপলিটন এলাকাসহ সমগ্র জেলায় জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সাথে পালনের নিমিত্ত ডিজিটাল বিলবোর্ড/ইলেক্ট্রনিক বিলবোর্ড এবং মাইকিং এর মাধ্যমে দিবসটির কর্মসূচির ব্যাপক প্রচার কার্যক্রম পরিচালনার জন্য সিলেট সিটি কর্পোরেশন, জেলা তথ্য অফিস, সিলেট ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেটকে অনুরোধ করা হয়।

৫। সকল এনজিও দিবসটি পালনের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৬। শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় আয়োজিত সকল কর্মসূচিতে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও বীর মুক্তিযোদ্ধাগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৭। ধর্ম মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশনের নির্দেশনা মোতাবেক ইসলামিক ফাউন্ডেশন, সিলেট জাতীয় শোক দিবস পালন করবে।

৮। জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট এর অধীনস্থ সরকারি শিশু পরিবারসমূহ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাংকন প্রতিযোগিতা, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে।

৯। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত জাতীয় কর্মসূচি ও জেলা প্রশাসন কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে স্বাস্থ্যবিধি মেনে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়নপূর্বক যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), পৌর মেয়র (সকল) এবং ইউপি চেয়ারম্যান (সকল), সিলেট-কে অনুরোধ করা হয়।

১০। অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, আমার পিতা শেখ মুজিব ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদান করতে হবে।

১১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচিতে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। গৃহীত সকল কর্মসূচিতে আন্তরিকভাবে অংশগ্রহণ এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে সকলের ঐকান্তিক প্রচেষ্টার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০৬১.১৯.৬০৩

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০
০২ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) মাননীয় সংসদ সদস্য ...............................................................আসন

৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৫) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৬) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ

৭) ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট

৮) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট

৯) পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট

১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন

১১) পুলিশ সুপার, সিলেট

১২) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট

১৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

১৪) সিভিল সার্জন, সিলেট

১৫) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট

১৬) নির্বাহী প্রকৌশলী ............................................................. (সকল), সিলেট

১৭) উপ পরিচালক (স্থানীয় সরকার) (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

১৮) অধ্যক্ষ........................................................................................, সিলেট

১৯) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট

২০) পরিচালক,.........................................................................................., সিলেট

২১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট

২২) চেয়ারম্যান ..................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট

২৩) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট

২৪) মেয়র ..........................................., পৌরসভা (সকল), সিলেট

২৫) সিনিয়র জেল সুপার, সিলেট

২৬) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা আওয়ামীলীগ/সিলেট মহানগর আওয়ামীলীগ

২৭) উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক লি:/সোনালী ব্যাংক লি:/বাংলাদশে কৃষি ব্যাংক, সিলেট

২৮) উপপরিচালক, ......................................................................... (সকল), সিলেট

২৯) সহকারী পরিচালক...............................................................................(সকল),সিলেট

৩০) জেলা ................................................................... কর্মকর্তা/ অফিসার, সিলেট

৩১) জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১/সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, সিলেট

৩২) নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট

৩৩) সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা/মহানগর ইউনিট, সিলেট

৩৪) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রসেক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট

৩৫) ........................................................................................, সিলেট

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক